# ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলের
# ম্যানেজিং কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত

১৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে রোজ রবিবার ঢাকা ক্রেডিট ইউনিয়ন স্কুলে স্কুল ম্যানেজিং কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।



উক্ত সভায় উপস্থিতি ছিলেন দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:, ঢাকা এর সম্মানিত প্রেসিডেন্ট ও স্কুল কমিটির সভাপতি মি. মাইকেল জন গমেজ, ঢাকা ক্রেডিট এর ডিরেক্টর ও স্কুল কমিটির আহ্বায়ক, মি. সলোমন আই. রোজারিও, সিইও, মি. জোনাস গমেজ, সুইটি শিশিলিয়া পিউরীফিকেশন, চীফ অফিসার-মার্কেটিং এন্ড প্রজেক্ট ও স্কুল কমিটির অন্যান্য সদস্যবৃন্দসহ স্কুলের সকল শিক্ষকমন্ডলী। উপস্থিতি কমিটির সভাপতি সহ অন্যান্য সদস্যগণ শ্রেণিকক্ষ



পরিদর্শন করেন ও শিক্ষার্থীদের নতুন বছরের শুভেচ্ছা জানান এবং শিক্ষার্থীদের বিভিন্ন দিকনিদের্শনামূলক উপদেশ দেন। স্কুল কমিটি সভায় সভাপতির পরিচালনায় সভার আলোচ্যসূচী নিয়ে আলোচনা করেন।



সভাপতি আশ্বাস দেন যে ঢাকা ক্রেডিট স্কুলকে একটি আধুনিক শিক্ষাপ্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য যা কিছু করার তা ব্যবস্থা গ্রহণ করবেন।

